উপজেলা পরিষদ কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা

## উপজেলা পরিষদের অক্টোবর ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শাহনূর রহমান, প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা

সভার তারিখ : ২৩.১০.২০২৫ খ্রি.
সময় : বেলা ১২.০০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ হল রুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ দ্রষ্টব্য

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ করা হয়। পরবর্তীতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলার বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রমের উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি আরও জানান টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন সফলভাবে চলমান রয়েছে। হাসপাতালে ডাক্তারের সংকট রয়েছে। মাত্র ০৩ জন মেডিক্যাল অফিসার দিয়ে জরুরি, আন্তঃবিভাগ ও বহিঃ বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। রেডিওগ্রাফার না থাকার কারণে এক্স-রে সেবা কার্যক্রম বন্ধ আছে। তাছাড়া ড্রাইভারের সংকটের কারণে এ্যাম্বুলেন্স সেবা বন্ধ রয়েছে। তাছাড়া তিনি জানান হাসপাতালের সেবা উন্নীত করণে স্বাস্থ্য বিষয়ক কমিটির সভা করা হবে এবং ৪৭তম বিসিএস থেকে ডাক্তার নিয়োগ করা শুরু হলে ডাক্তারের চাহিদা কিছুটা পূরণ হবে। | ক) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>গ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে শিশুদের টিকা প্রদানের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) রোগীদের চিকিৎসার সুবিধার্থে - যেকোনো উপায়ে এ্যাম্বুল্যান্স চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের নিয়মিত প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। বর্তমানে সারের কোনো সংকট নেই। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে এবং সারে মজুদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কৃষকদের পুষ্টির চাহিদা মিটানোর জন্য বাড়ি বাড়ি উঠানে সবজি চাষে উদ্বুদ্ধ করতে হবে।<br>(ঘ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা প্রানিসম্পদ বিভাগঃ উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থ বছরে পশুর ভ্যাক্সিনের পর্যাপ্ত যোগান রয়েছে। তার দপ্তরের সকল কাজ- চিকিৎসা, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত ভ্যাক্সিনের সরবরাহ পর্যাপ্ত আছে। রোগ ব্যাধি নিয়ন্ত্রণে সব ধরনের পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্ষাকালে ঘাস চাষের জন্য উপযুক্ত সময়। অত্র অফিস হতে গোখাদ্য ঘাসের কাটিং সংগ্রহের সুযোগ রয়েছে। তিনি আরও জানান ৩-১১ মাস বয়সী ছাগল ও ভেড়ার পি পি আর ভ্যাক্সিনেশন কার্যক্রম চলমান রয়েছে। | গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়িদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |

<table>
<tr>
<td>৪.</td>
<td><u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বাস্তবায়নে গত মাসে ০২টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে। ৩০টি চায়না দুয়ারী জাল যার আনুমানিক মূল্য ১,৫০,০০০/-, ২০০০ মিটার কারেন্ট জাল যার আনুমানিক মূল্য ৫০,০০০/- আটক করা হয় এবং পরবর্তীতে আগুনে পুড়িয়ে ধ্বংশ করা হয়। তাছাড়া মা ইলিশ সংরক্ষণ অভিযান চলছে। ০৪টি বাজার পরিদর্শন করা হয়েছে। বাজারগুলোতে কোনো মা ইলিশ পাওয়া যায়নি। ০২টি মৎস্যের খাদ্যের দোকান পরিদর্শন করা হয়। কোনো মেয়াদ উত্তীর্ণ খাদ্য পাওয়া যায়নি। তিনি আরও জানান চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপির খাত থেকে মৎস্য অভায়শ্রম সংরক্ষণের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।</td>
<td>(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) নিষিদ্ধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে সভায় অবহিত করতে হবে</td>
<td>[illegible] আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>৫.</td>
<td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। জন্ম নিবন্ধন ও গর্ববতী তালিকা নিয়মিতভাবে আপডেট করা হচ্ছে। গর্ভবতী সেবা, প্রসব সেবা, কিশোর কিশোরী সেবা, কাউন্সিলিং সেবা, ও প্রসবের সেবা চলমান আছে। তিনি জানান শুনই ইউনিয়নে অবস্থিত কামরুন নাহার জেবু ১০ শয্যা বিশিষ্ঠ মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ঔষধ ডেলিভারী কিটের ঘাটতি রয়েছে। তিনি উপজেলা পরিষদ থেকে ঔষধ ও কিটের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান।</td>
<td>(ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে।<br>(খ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গর্ভবতী মায়ের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,</td>
</tr>
<tr>
<td>৬.</td>
<td><u>উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১০.০৯.২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০. ০৪৫.২০.০০১.২৫-৯৫ নং স্মারকে নেত্রকোণা আটপাড়া উপজেলার জন্য ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তি বাবদ ২০,৭৮,০০০/- (বিশ লক্ষ আটাত্তর হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি জানান প্রতি বছরের ন্যায় এবছরও ২০,৭৮,০০০/- টাকা হারে পর্যায়ক্রমে আরও ০৩টি কিস্তি পাওয়া যাবে। তিনি বলেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরের ০৪ কিস্তি হিসেবে (২০,৭৮,০০০x৪)= ৮৩,১২,০০০/- (তিরাশি লক্ষ বার হাজার) টাকা দ্বারা শতভাগ এডিপি বাস্তবায়নের স্বার্থে যথাশীঘ্র প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তিনি জানান উক্ত ৮৩,১২,০০০/- টাকার মধ্যে ৩% নারী উন্নয়ন খাত বাবদ ২,৪৯,৩৬০/-, ১% প্রকল্প তদারকি +০.৫% আনুষঙ্গিক খরচ বাবদ মোট ১,২৪,৬৮০/- ব্যয় করা যাবে। তিনি বলেন যে, ৩% নারী উন্নয়ন খাত বাবদ ২,৪৯,৩৬০/- + ১.৫ % (আনুষঙ্গিক, প্রকল্প তদারকি) খরচ বাবদ ১,২৪,৬৮০/- = ৩,৭৪,০৪০/- বাদে (৮৩,১২,০০০/- - ৩,৭৪,০৪০/-) অবশিষ্ট ৭৯,৩৭,৯৬০/- এর ৩০% বাবদ ২৩,৮১,৩৮৮/- দ্বারা পিআইসি এবং বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ৫৫,৫৬,৫৭২/- টাকা LTM প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>তিনি আরও জানান স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১০.০৯.২০২৫ খ্রি. তারিখের ৪৬. ০০.০০০০.০৪৫.২০.০০১.২৫-৯৫ নং স্মারকে চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আটপাড়া উপজেলা কমপ্লেক্সের উপজেলা পরিষদের হলরুম মেরামত, উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের ডরমেটরী ভবন মেরামত, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের কংস ও মগড়া কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের ইউসিটিবি ভবন মেরামত, উপজেলা পরিষদের রাস্তা ও ইউড্রেন মেরামত, উপজেলা পরিষদের ০২টি গ্যারেজ মেরামত ও অফিসার্স ক্লাব মেরামত বাবদ ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি জানান উক্ত ৪০,০০,০০০/- টাকা এর ৩০% বাবদ ১২,০০,০০০/- টাকা দ্বারা পিআইসি এবং বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ২৮,০০,০০০/- টাকা LTM প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>তিনি জানান ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত হিসেবে স্থানান্তরিত উপজেলা উন্নয়ন তহবিলে অবশিষ্ঠ রক্ষিত ১১,৯৯,০০০/- ( এগার লক্ষ নিরানব্বই হাজার) টাকা এর ৩০% বাবদ = ৩,৫৯,৭০০/- টাকা দ্বারা পিআইসি বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ৮,৩৯,৩০০/- টাকা LTM প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>তিনি জানান ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি'র বরাদ্দ দ্বারা বাস্তবায়নযোগ্য এবং বাসা-বাড়ী ও উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, হলরুম মেরামত করার জন্য বিভিন্ন উৎস হতে বেশ কিছু প্রকল্প পাওয়া যায়। তিনি জানান উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য গত ২২/১০/২০২৫ খ্রি. তারিখ উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় আহ্বান করা হয়। তিনি বলেন নিম্নলিখিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন ও পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দকৃত অর্থের পরিমান</th><th>খাত</th><th>মোট বরাদ্দ</th><th>অবশিষ্ট</th></tr>
<tr><td>১</td><td>উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী</td><td>৩,০০,০০০/-</td><td>২০২৫-২৬ অর্থবছরের</td><td>পিআইসি বাবদ বরাদ্দ</td><td>৫৯,৭০০/-</td></tr>
</table>
</td>
<td>(ক) ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ০৪ কিস্তি হিসেবে (২০,৭৮,০০০x৪)= ৮৩,১২,০০০/- (তিরাশি লক্ষ বার হাজার) টাকা এর ৩% নারী উন্নয়ন খাত বাবদ ২,৪৯,৩৬০/- + ১.৫ % (আনুষঙ্গিক, প্রকল্প তদারকি) খরচ বাবদ ১,২৪,৬৮০/- = ৩,৭৪,০৪০/- বাদে (৮৩,১২,০০০/- - ৩,৭৪,০৪০/- ) অবশিষ্ট ৭৯,৩৭,৯৬০/- এর ৩০% বাবদ ২৩,৮১,৩৮৮/- দ্বারা পিআইসি এবং বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ৫৫,৫৬,৫৭২/- টাকা LTM প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আটপাড়া উপজেলা কমপ্লেক্সের উপজেলা পরিষদের হলরুম মেরামত, উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের ডরমেটরী ভবন মেরামত, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের কংস ও মগড়া কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের ইউসিটিবি ভবন মেরামত, উপজেলা পরিষদের রাস্তা ও ইউড্রেন মেরামত, উপজেলা পরিষদের ০২টি গ্যারেজ মেরামত ও অফিসার্স ক্লাব মেরামত বাবদ বরাদ্দকৃত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা এর ৩০% বাবদ ১২,০০,০০০/- টাকা দ্বারা পিআইসি এবং বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ২৮,০০,০০০/- টাকা LTM প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া</td>
</tr>
</table>

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | বিতরণ, তারুণ্যের উৎসব উপলক্ষ্যে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ (২,০০,০০০/-) ও প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ (১,০০,০০০/-) | | উন্নয়ন তহবিল এর নারী, শিশু ও সমাজ কল্যাণ, যুব, ক্রীড়া ও সংস্কৃতি | ৩,৫৯,৭০০/- | |
| ২. | উপজেলা পরিষদের চেয়ারম্যান কোয়ার্টার মেরামত | ৩,০০,০০০/- | ২০২৫-২৬ অর্থবছরের এডিপি'র বাসা-অফিস ভবন মেরামত | পিআইসি বাবদ বরাদ্দ ১২,০০,০০০/- | ৯,০০,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মেরামত | ৩,০০,০০০/- | ঐ | পিআইসি বাবদ বরাদ্দ ১২,০০,০০০/- | ৬,০০,০০০/- |
| ৪, | উপজেলা পরিষদের ডরমেটরী মেরামত | ৩,০০,০০০/- | ঐ | পিআইসি বাবদ বরাদ্দ ১২,০০,০০০/- | ৩,০০,০০০/- |
| ৫. | উপজেলা পরিষদের রাস্তা ও ইউড্রেন মেরামত | ৩,০০,০০০/- | ঐ | পিআইসি বাবদ বরাদ্দ ১২,০০,০০০/- | - |

উল্লিখিত প্রকল্পসমূহ বিষয়ে আলোচনা হয় এবং সার্বিক আলোচান্তে প্রকল্প সমূহ পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

তাছাড়া জনগরুত বিবেচনা করে আগামী ৩০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দ দ্বারা বাস্তবায়নযোগ্য এডিপি নীতামলা ২০২৫ মোতাবেক প্রকল্পের তালিকা প্রেরণ করার জন্য ইউপি প্রশাসক এবং সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

হয়।

(গ) ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত হিসেবে স্থানান্তরিত উপজেলা উন্নয়ন তহবিলে অবশিষ্ট রক্ষিত ১১,৯৯,০০০/- টাকা এর ৩০% বাবদ = ৩,৫৯,৭০০/- টাকা দ্বারা পিআইসি বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ৮,৩৯,৩০০/- টাকা LTM প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি'র বরাদ্দ দ্বারা বাস্তবায়নযোগ্য এবং বাসা-বাড়ী ও উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, হলরুম মেরামত করার জন্য বিভিন্ন উৎস হতে প্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভার পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(ঙ) জনগুরুত্ব বিবেচনা করে আগামী ৩০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দ দ্বারা বাস্তবায়নযোগ্য এডিপি নীতিমালা ২০২৫ মোতাবেক প্রকল্পের তালিকা প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ৭. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি জানান ২০২৪-২৫ অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৮৪টি নলকূপের স্থান নির্বাচন চূড়ান্ত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত জরুরি সহায়তায় পানির উৎস স্থাপন ও স্যানিটেশন প্রকল্পের ৬২টি নলকূপ বোরিং এর কাজ সম্পন্ন হয়েছে এবং স্ট্রাকচার নির্মাণের কাজ চলমান রয়েছে। | (ক) "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ২০২৪-২৫ অর্থ বছরে যেসকল নলকূপ স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে তার সচিত্র প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশল আটপাড়া |
| ৮. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানান দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দকৃত অর্থের বিপরীতে টিআর খাতে ৫৯ টি, কাবিটা খাতে ৪২টি, কাবিখা চাল খাতে ০৯টি ও গম খাতে ০৯টি প্রকল্প তালিকা উপজেলা কমিটি অনুমোদন করে জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। তিনি উক্ত প্রকল্পসমূহের প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য ইউপি প্রশাসকগণকে অনুরোধ জানান। | (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর ও কাবিখা কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ মনিটরিং রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ২০২৫-২০২৬ অর্থবছরের টিআর ও কাবিটার বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া। ও প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, VWB এর তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং সংশ্লিষ্ট ইউনিয়নের নোটিশ বোর্ডে দেওয়া আছে। মা ও শিশু | (ক) VWB কার্যক্রমের তালিকা ওয়েব সাইট, ফেইসবুক ও নোটিশ | উপজেলা মহিলা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সহায়তা ভাতার তালিকা ইউনিয়ন হতে পাওয়া যায়নি। সময়মত না পেলে ভাতা প্রদানের জটিলতা সৃষ্টি হবে। ভাতা ভোগীর নিজস্ব NID দিয়ে মোবাইল সিম ব্যবহার করতে হবে। ভাতাভোগীর নিজস্ব মোবাইল নম্বর না থাকলে ভাতা পেতে জটিলতা সৃষ্টি হবে। তিনি মা ও শিশু সহায়তা ভাতার তালিকা শীঘ্রই প্রেরণ করার জন্য ইউপি প্রশাসকগণকে অনুরোধ জানান।<br><br>তিনি আরও জানান বাল্য বিবাহ বিভিন্ন এলাকা বা গ্রামে করার প্রস্তুতি চলছে। বাল্য বিবাহের সংবাদ পেলে তা বন্ধ করা হবে এবং আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনকে অবহিত করা হবে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০৯ নভেম্বর ২০২৫ মাসে বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষ্যে "অদম্য নারী পুরস্কার" প্রদানে ০৫টি ক্যাটাগরিতে আবেদন চাওয়া হয়েছে। আবেদন পাওয়া গেলে উপজেলা কমিটির মাধ্যমে যাচাই করে যাচাই করে জেলা কমিটিতে প্রেরণ করা হবে। | বোর্ডে প্রকাশ করে সভায় অবহিত করতে হবে।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে মাসে ১৫ জন করে তালিকা প্রস্তুত করে হার্ডকপি ও সফট কপি প্রতিমাসের ২০-২৫ তারিখের মধ্যে উপজেলায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, কাজের স্বাভাবিক ধারা অব্যাহত আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান আছে। তিনি আরও জানান ব্যানবেইজের আওতায় সারা দেশের ন্যায় অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জিআইএস ম্যাপিং এর কাজ চলছে। | (ক) প্রতিমাসে ০২টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে।<br>(খ) মাধ্যমিক পর্যায়ে এমপিও ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের বিবরণী পর্যায়ক্রমে সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১১. | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের বছর শেষে হওয়ায় বাংলা ও ইংরেজি রিডিং দফা মূল্যায়ন কোর্স চলমান রয়েছে। বৃত্তি পরীক্ষার জন্য ৫ম শ্রেণির মডেল টেস্ট পরীক্ষা আগামী ০৬ নভেম্বর হতে ১১ নভেম্বর পর্যন্ত প্রতি ইউনিয়নে ০১টি করে কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তাছাড়া বিভিন্ন বিদ্যালয়ে তারুণ্য উৎসব উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করা হচ্ছে।করোনা ও ডেঙ্গু প্রতিরোধের জন্য পরিষ্কার ও পরিচ্ছন্নতা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | (ক) বিদ্যালয় খোলার দিন শিক্ষক/ছাত্র-ছাত্রীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>(খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও শিক্ষার মান উন্নয়নে নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) উপজেলা শিক্ষা ব্যবস্থাপনা কমিটির সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া ও সংশ্লিষ্ট সকল |
| ১২. | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। চলতি অর্থবছরে বিভিন্ন ভাতা ও উপবৃত্তির অনলাইনে আবেদন শুরু হয়েছে। আগামী ১৩/১০/২০২৫ খ্রি. তারিখ হতে ০৬/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই। ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম কিস্তির ভাতা উপকারভোগীদের একাউন্ট নম্বরে প্রেরণ করা হয়েছে। চলতি মাসে প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপের আওতায় ২১০ জন ব্যক্তিকে প্রতিবন্ধী হিসেবে শনাক্ত করা হয়েছে। গত মাসে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ২ লক্ষ ৩৬ হাজার টাকা আদায় করা হয়েছে। প্রতি ইউনিয়ন হতে প্রাপ্ত তালিকা হতে ০৩ জন করে ভিক্ষুকের সাক্ষাৎকার গ্রহণ করে তাদেরকে পুনর্বাসনের প্রক্রিয়া চলমান রয়েছে। হাসপতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় গরীব অসহায় রোগীদের নিয়মিত ঔষধ সরবরাহ করা হচ্ছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা সমাজ কল্যাণ পরিষদের সভা করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>ঘ) প্রতি ইউনিয়ন হতে ৩ জন করে ভিক্ষুকের নাম প্রেরণ করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ও প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস :</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানান রাজস্ব প্রকল্পের আওতায় ৯৫৯ জনের মধ্যে মোট ৬২,৮০,৫০০/- ঋণ বিতরণ করা হয়েছে। ৩,৪০,০০০/- টাকা ০৭ জনের মধ্যে বিতরণ চলমান রয়েছে। চলমান আদায়যোগ্য ঋণ থেকে ৯৭,৩০০/- আদায় করা হয়েছে। আদায়ের হার ১০০%। খেলাপী ঋণ | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৯,৭৩,৬৩৫/- টাকা। জোরদারকরণ প্রকল্পের আওতায় ৪,৪৯,৯৮১/- টাকা ঋন বিতরণ করা হয়েছে। খেলাপী ঋণের পরিমান ৫৫,২০০/-। বায়োগ্যাস প্লান্ট স্থাপন প্রকল্পের আওতায় ২,৮০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ খাতে আদায়যোগ্য ঋণের পরিমান ১৫,০০০/- এবং আদায় করা হয়েছে ১২,০০০/-। আদায়ের হার ৮০%। যুব প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ১৪টি ব্যাচের বরাদ্দ পাওয়া গেছে। যা বিভিন্ন ইউনিয়নে আয়োজন করা হবে। Yout Kitchen ( রান্না বিষয়ক) প্রশিক্ষণ আয়োজন জেলা কার্যালয়ে আগামী ১ নভেম্বর ২০২৫ থেকে শুরু হবে। | প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋণ আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান চলতি অর্থবছরে এ মাস পর্যন্ত ২০.০০ (বিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায় করা হয়েছে ১০.০০ (দশ লক্ষ) টাকা দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান আছে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) সার্টিফিকেট মামলার বিস্তারিত তথ্যাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া |
| ১৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া শাখাঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান মৃত্যু সনদের মাধ্যমে মৃত ব্যক্তির পক্ষে পরিবারের কেহ যদি ঋণ মওকুফের আবেদন করেন তার ঋণ মওকুফের ব্যবস্থা করা হবে। বিষয়টি সকলকে অবহিত করার জন্য ইউপি প্রশাসকগণকে অনুরোধ জানান। তাছাড় খেলাপী ঋণ আদায়ের জন্য প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক গ্রাহকদের নিটক আইনি নোটিশ প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান তার দপ্তর থেকে ক্ষুদ্র ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, ছোট ছোট, শিল্প ঋণ বিতরণ করা হয়। তিনি আরও জানান পল্লী সঞ্চয় ব্যাংক আটপাড়া শাখার তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে " গ্রাহক সেবা পক্ষ" বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সঞ্চয় আদায়ের লক্ষ্যে ক্যাম্পেইন করা হচ্ছে। ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী ঋণ বিষয়ে আইনী নোটিশ প্রদান করা হচ্ছে। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে আশ্রয়ণ প্রকল্প থেকে গত মাসে , ৫-/৮৪০, ঋণ আদায় করা হয়েছে।অডিট ফি বাবদ ৮৭০-/ টাকা আদায় করা হয়েছে এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২৬৩-/ আদায় করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া |
| ১৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অক্টোবর ২০২৫ মাসে খাদ্যবান্ধব কার্যক্রম ও ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর ২০২৫ মাসের VWB খাতের ছাড় পত্র পাওয়া গেছে। VWB খাতের চাল ডিও হওয়ার সাথে সাথে গুদাম থেকে নিয়ে যাওয়ার জন্য ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে অনুরোধ জানান। | খাদ্য বান্ধব কর্মসূচিসহ যাবতীয় বিতরণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটপাড়া |
| ১৯. | উপজেলা পরিসংখ্যান অফিসঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিসংখ্যান অফিদের সকল কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আটপাড়া |
| ২০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন : উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আহ্বান করে কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল) |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | (সকল) |
| ২১. | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা : উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। | প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২২. | বিবিধ আলোচনা-১: উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে অবস্থিত বাসাবাড়িতে অবস্থানরত অনেক কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে ভাড়া কর্তন করেন না এমনকি বিদ্যুৎ বিল পরিশোধ করেনা। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ বাসাবাড়ি বরাদ্দ কমিটির সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | আগামী মাসে বাসা বরাদ্দ কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| ২৩. | বিবিধ আলোচনা-২ : (বিস্তারিত নিচে) | উল্লিখিত বিষয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

**২৩. বিবিধ আলোচনা-২ :**

উপজেলা রাজস্ব তহবিল (চলতি হিসাব নম্বর ৩৫০১১০০০০০১২৫ ) এ ০১ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত আয় ৩,৬১,৭৮৮.১৫ টাকা, ব্যয় ৪৪,৪৯৩.০০ টাকা এবং ৩০ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত স্থিতি ১২,৭৯,৭০১.৬৫ টাকা।

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের তথ্যাদি :

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের উপজেলা পরিষদের সভা ও আইন-শৃঙ্খলা কমিটির সভার আপ্যায়ন বিল চেক নং-৫০১৯৬৫৮, তারিখ : ০৫/১০/২০২৫ | ৩০,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল চেক নং-৫০১৯৬৫৯, তারিখ : ০৫/১০/২০২৫ | ৫,০০০/- |
| ০৩ | জনাব দিপালী রানী দেবনাথ, মালী, উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর ২০২৫ মাসের বেতন চেক নং-৫০১৯৬৫২, তারিখ : ০৫/১০/২০২৫ | ১৫,৪০০/- |
| ০৪ | জনাব মোস্তাক আহম্মেদ, পরিচ্ছন্নতা কর্মী, উপজেলা পরিষদ এর বেতন চেক নং-৫০১৯৬৫৩, তারিখ : ০৫/১০/২০২৫ | ১৫,৪০০/- |

**২৪. বিবিধ আলোচনা-০৩ :** উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা জানান ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পরিষদের অর্থায়নে নিম্নবর্ণিত খাতসমূহের অর্থ দ্বারা অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে নিম্নবর্ণিত সামগ্রী ক্রয় করা আবশ্যক মর্মে অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত খাতসমূহের অর্থ দ্বারা অফিসের প্রয়োজনীয় মালামালসমূহ ক্রয় ও বিল পরিশোধ করার বিষয়ে একমত পোষণ করেন ।

সিদ্ধান্ত: উল্লিখিত বিষয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রমিক নং | খাতসমূহের নাম | অফিস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রস্তাবিত ক্রয়ের নিমিত্ত মালামালের বিবরণ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত | ক্যামেরা ১০টি ও আনুষঙ্গিক সরঞ্জামাদি | DPM পদ্ধতি |
| ০২ | উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় | কম্পিউটার সিপিও -০১টি | DPM পদ্ধতি |
| ০৩ | উপজেলা পরিষদের হল রুমে আসবাবপত্র ক্রয় | ২০টি হাতল ওয়ালা কোশন চেয়ার ক্রয় ও ৫০টি প্লাষ্টিক ক্রয় | PIC পদ্ধতি |
| ০৪ | উপজেলা পরিষদের গাছপালা, নালা নর্দমা পরিষ্কার পরিচ্ছন্ন ও চুনকাম | চাহিদা অনুসারে | DPM পদ্ধতি |
| ০৫ | উপজেলা পরিষদ কার্যালয়ে ইন্টার কম স্থাপনের বিল | ০৬টি ইন্টার কম স্থপন | DPM পদ্ধতি |

এছাড়া উপজেলা প্রকৌশলী জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-২ এর ০৫ জানুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৭৮.২২-২০ নং স্মারকে নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য রাজস্ব তহবিলের অর্থায়নে ১,৫৭,৬১,১৫৯/- (এক কোটি সাতান্ন লক্ষ একষট্টি হাজার একশত উনষাট টাকা )

ব্যয়ের প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়। গত ২৩.০৩.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১,১৫,৯৬,২৯৬/- টাকা বিল পরিশোধ করা হয়। তিনি কাজের চলতি বিল বাবদ আরও ৫,০০,০০০/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাজের চলতি বিল বাবদ আরও ৫,০০,০০০/-( পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | খাতসমূহের নাম | পরিশোধযোগ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের ৮ম চলতি বিল প্রদান | ৫,০০,০০০/- | |

উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা জানান ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পরিষদের অর্থায়নে উপজেলা পরিষদের জীপ গাড়ির জুলাই ২০২৫ হতে অক্টোবর ২০২৫ পর্যন্ত ০৪ মাসের জ্বালানী বিল বাবদ ১৬০ লি. x ১২৯.৮৫ = ২০,৭৭৬/- (বিশ হাজার সাতশত ছিয়াত্তর) টাকা এবং জীপ গাড়ি মেরামত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বিল পরিশোধের অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত খাতসমূহের অর্থ দ্বারা বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | খাতসমূহের নাম | ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০৭ | জুলাই ২০২৫ হতে অক্টোবর ২০২৫ পর্যন্ত ০৪ মাসের জ্বালানী বিল | ২০,৭৭৬/- | |
| ০৮ | গাড়ি মেরামতের বিল | ১০,০০০/- | |

| | | | |
|---|---|---|---|
| ২৫. | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২০২৫
(মোঃ শাহনূর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫- ৭৪৭

তারিখ: ২৭.১০.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা.................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল)............................ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

২৭/১০/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

CS CamScanner